# আজ ‘ফ্রি ইন্টারনেট ডে‘ কোন সিমে,কিভাবে পাবেন জেনে নিন এখনই




সংগৃহীত ছবি

আজ ১৮ জুলাই ‘ফ্রি ইন্টারনেট ডে’: নির্ধারিত কোড ডায়াল করলেই পাবেন ১ জিবি ফ্রি ইন্টারনেট ঢাকা, ১৬ জুলাই ২০২৫ — দেশের সব মোবাইল ফোন গ্রাহককে বিনামূল্যে ১ জিবি ইন্টারনেট ব্যবহারের সুযোগ দিতে যাচ্ছে বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন (বিটিআরসি)। এই সুবিধা পাওয়া যাবে ১৮ জুলাই, যা চলবে পরবর্তী পাঁচ দিন পর্যন্ত।

বুধবার (১৬ জুলাই) বিটিআরসি’র সিস্টেম অ্যান্ড সার্ভিসেস বিভাগ এক বিজ্ঞপ্তিতে এ ঘোষণা দেয়। এতে বলা হয়, ‘জুলাই গণঅভ্যুত্থান দিবস’ উপলক্ষে এবং জন-আকাঙ্ক্ষা পূরণ ও জনস্বার্থে ১৮ জুলাইকে ‘ফ্রি ইন্টারনেট ডে’ ঘোষণা করা হয়েছে।

বিটিআরসি আরও জানায়, গত ৯ জুলাই মোবাইল অপারেটরদের ফ্রি ইন্টারনেট সুবিধা কার্যকরের নির্দেশ দেওয়া হয়।

গ্রাহকদের নিজ নিজ মোবাইল অপারেটর অনুযায়ী নির্ধারিত ইউএসএসডি (USSD) কোড ডায়াল করে ফ্রি ১ জিবি ডেটা সক্রিয় করতে হবে। নিচে অপারেটরভিত্তিক কোড দেওয়া হলো:

LENS ASIA

মোবাইল অপারেটর ফ্রি ইন্টারনেট পাওয়ার কোড

গ্রামীণফোন *121*1807#

রবি *41807#

বাংলালিংক *121*1807#

টেলিটক *111*1807#

ফ্রি ডেটা ১৮ জুলাই সক্রিয় করে ব্যবহার করা যাবে ২২ জুলাই পর্যন্ত (৫ দিন)।

২০২৪ সালের জুলাইয়ে কোটা সংস্কার আন্দোলনের সময় সারাদেশে ইন্টারনেট সংযোগ বন্ধ করে দিয়েছিল তৎকালীন আওয়ামী লীগ সরকার। সেই নেটব্ল্যাকআউট-এর এক বছর পূর্তিতে ডিজিটাল অধিকার ও মতপ্রকাশের স্বাধীনতার প্রতীক হিসেবে এই উদ্যোগ নিয়েছে বর্তমান সরকার